Bangladesh Private Hospital Clinic & Diagnostic Association
বাংলাদেশ প্রাইভেট হসপিটাল, ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক এসোসিয়েশন

তারিখ: ১৫/০৭/২০২৬ইং

# ১৫/০৭/২০২৬ ইং তারিখে এনবিআর ও বিপিএইচসিডিএ-এর মধ্যে অনুষ্ঠিত সভার সারসংক্ষেপ:

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫/০৭/২০২৬ ইং তারিখে এনবিআর এর সাথে বাংলাদেশ প্রাইভেট হসপিটাল, ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক এসোসিয়েশন (বিপিএইচসিডিএ)-এর নির্বাহী কমিটির প্রতিনিধিদের একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় এনবিআর এর চেয়ারম্যান, সদস্যগণ ও সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অপরদিকে বিপিএইচসিডিএ-এর পক্ষে নির্বাহী কমিটির সভাপতি ডা: মো: মোসাদ্দেক হোসেন বিশ্বাস ডাম্বেল, মহাসচিব ডা: এ এম শামীম, সহ-সভাপতি জনাব মো: ইসাম ইবনে ইউসুফ সিদ্দিকী, যুগ্ম-মহাসচিব জনাব মো: মোকাদ্দেছ আলী মজুমদার শাহীন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা: এস এম সালাহউদ্দীন আল আজাদ, দপ্তর সম্পাদক ডা: আরিফ মাহমুদ, প্রচার ও প্রকাশনা সম্পাদক জনাব আব্দুল আওয়াল রাজা, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক জনাব তালহা ইসমাইল বারী, সদস্য প্রফেসর ডা: এ কে এম ফজলুল হক, সদস্য ডা: আহমেদ জাহিদ হোসেন ও সদস্য জনাব মোহাম্মদ জাহিদুর রহমান উপস্থিত ছিলেন।

সভায় বেসরকারী হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার সমূহ থেকে সরকারকে প্রদেয় আয়কর ও উৎসে কর নির্ধারন ও পরিশোধের ক্ষেত্রে বিদ্যমান সমস্যাবলী সমাধান করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলো সরকারকে প্রচলিত আয়কর ও উৎসে কর প্রদান করে আসছে। কিন্তু এই আয়কর ও উৎসে কর নির্ধারন করতে গিয়ে কিছু সমস্যার সম্মুখীন হতে হয়। এই সমস্যা গুলো নিরসন করে আয়কর ও উৎসে কর নির্ধারন পদ্ধতি সহজ করার জন্য অনুরোধ করা হয়।

উভয় পক্ষের মধ্যে আলোচনার সার সংক্ষেপ নিম্নরূপঃ

১। দুই ক্যাটাগরীতে আয়কর প্রদান করতে হবে ঃ

ক) **ব্যক্তিগত আয়কর :** ব্যক্তিগত আয়-ব্যয় এর হিসাব বিবরণীর উপর ভিত্তি করে ব্যক্তি আয়কর নির্ধারণ হয়।

হাসপাতাল ও ক্লিনিক এ প্র্যাকটিসকারী ডাক্তারদের আয় এর উপর কর দিতে হবে। এটা ব্যক্তিগত আয়কর হিসেবে প্রদান করা হবে।

খ) **কর্পোরেট আয়কর :** প্রতিষ্ঠানের বিভিন্ন খাত থেকে যে আয় ও ব্যয় হয় সেটার নিরীক্ষিত হিসাব বিবরনীর ভিত্তিতে কর্পোরেট আয়কর নির্ধারণ হয়। প্রতিষ্ঠানের আয় ও ব্যয় হিসাব বিবরণী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত অডিট ফার্ম নিরীক্ষা করে যে সনদ/রিপোর্ট দেয় সেটার উপর ভিত্তি করে আয়কর নির্ধারণ হয়। এক্ষেত্রে আয়করের সাথে উৎসে কর প্রদান করতে হয়। চিকিৎসকদের আয় থেকে কমিশন বাবদ প্রতিষ্ঠান যে অর্থ পায় সেটাও কর্পোরেট আয়কর এর আওতায় আসবে।

২। কতিপয় ক্ষেত্রে বেসরকারী স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের আয়কর ও উৎসে কর হ্রাস বা মওকুফের ব্যাপারে এনবিআর কর্তৃক সরকারের কাছে প্রস্তাব পেশ করেছে। এই প্রস্তাব অনুমোদিত হলে এনবিআর থেকে এ সংক্রান্ত এসআরও জারী করা হবে। এসআরও জারীর পর বেসরকারী স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলো সংশ্লিষ্ট ক্ষেত্রে আয়কর ও উৎসে কর হ্রাস বা মওকুফের সুবিধা পাবে।

Central Office: House:66, Kalabagan, Dhanmondi, Dhaka-1205
+88 013 3976 8639 (Office) bphcdoa1998@gmail.com www.bphcdoa.com